সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর

একাদশ শ্রেণির অর্ধবার্ষিক পরীক্ষা ২০২১

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান: ৭০

যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও

০১. করিম, খলিল ও গনেশ তিন বন্ধু। করিম তাঁর হ্যাচারিতে আলো,তাপ ও বায়ু নিয়ন্ত্রনের মাধ্যমে ডিম থেকে মুরগির বাচ্চা পেয়ে থাকেন। গনেশ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিশেষজ্ঞ তিনি তথ্য লিখন ও প্রক্রিয়াকরণের ব্যবসায়ে নিয়োজিত। খলিল, করিম -এর হ্যাচারি থেকে পণ্য সংগ্রহ করেন। খলিল উক্ত পণ্যের চাহিদা, মূল্যস্তর, যোগাযোগ ব্যবস্থা সম্পর্কে প্রয়োজনীয় তথ্য গনেশ এর কাছ থেকে সংগ্রহ করে তা সারা দেশে সরবরাহ করে থাকেন।

ক. ব্যবসায় কী? ১

খ. ব্যবসায়ের বন্টনকারী শাখা কোনটি এবং কেন? ২

গ. উদ্দীপকে গনেশ এর কাজটি ব্যবসায়ের কোন শাখার অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উপযোগ সৃষ্টির ভিত্তিতে করিম ও খলিল-এর কাজের ব্যাপরে তুলনামূলক মতামত দাও । ৪

০২. জনাব গনি জামালপুরে একটি পোশাক কারখানা স্থাপন করেন। এখানে জমির মূল্য অপেক্ষাকৃত কম এবং পর্যাপ্ত শ্রমিক পাওয়া যায়। ফলে বিনিয়োগ কম হলেও মুনাফার পরিমান বেশি হয়।তিনি দেখলেন তার করখানার পার্শ্ববর্তী জারা নামক পোশাক কারখানায় শ্রমিকদের কাজের সময় ও কর্ম পরিবেশ নিয়ে শ্রম অসন্তোষ রয়েছে।মালিক পক্ষ রংধুনু নামক পোশাক কারখানাটি তালাবদ্ধ ঘোষনা করে।

ক. ব্যবসায় পরিবেশ কী? ১

খ. সামাজিক পরিবেশ বলতে কী বুঝায়? ২

গ. পরিবেশের কোন উপাদান বিবেচনা করে উদ্দীপকের জনাব গনি পোশাক কারখানা স্থাপন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জারা পোষাক শিল্পে শ্রম অসন্তোষ ও তালাবদ্ধকরণ ব্যবসায় পরিবেশের যে উপাদানের অন্তর্গত উদ্দীপকের আলোকে তা বিশ্লেষন কর। ৪

০৩. উদ্যমী যুবক আহসান ২৫,০০০ টাকা ধার করে মোট ৫০,০০০ টাকার পণ্য সামগ্রী কিনে মুদি দোকান সাজিয়ে ব্যবসায় শুরু করল। স্বল্প পুঁজির কারণে তার দোকানে পর্যাপ্তপণ্য সামগ্রী নেই। ফলে সে প্রায়ই ক্রেতার চাহিদা পূরণে ব্যর্থ হয়। এতে সে ভীষণ চিন্তিত হয়ে পড়ে।এমতাবস্থায় কয়েকজন নিয়মিত ক্রেতার পরামর্শে সে যেসব পণ্য সরবরাহ করতে পারে না তার একটি তালিকা প্রস্তুত করে পরবর্তীতে ঐসব পণ্য দোকানে তোলেন। কিছুদিনের মধ্যেই তার বিক্রয় বৃদ্ধি পায় এবং ধীরে ধীরে সে ব্যবসায় উন্নতি লাভ করে।

ক. একমালিকানা ব্যবসায় কী? ১

খ. একমালিকানা ব্যবসায়ের অসীম দায় বলতে কী বুঝায়? ২

গ. একমালিকানা ব্যবসায়ের কোন বৈশিষ্টটি উদ্দীপকের ব্যবসায়ীকে প্রতিষ্ঠিত ব্যবসায়ী হতে সাহায্য করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের পরিস্থিতিতে একমালিকানা ব্যবসায় নির্বাচন করার সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

০৪. মিথিলা ও তার তিন বোন পারস্পারিক বোঝাপড়ার ভিত্তিতে মসলিন নামক বুটিক হাউজ গড়ে তোলেন । ভাল সুনাম ও সুলভ মূল্যের জন্য প্রতিষ্ঠানটির পণ্য ক্রেতাদের মধ্যে গ্রহণযোগ্যতা পায় । ফলে প্রতিষ্ঠানটি অল্প দিনে প্রচুর মুনাফা অর্জন করে । ৩ বছর পর মিথিলার বড় বোন মারা গেলে তার ১৫ বছর বয়সী ছেলে তৌকিরকে ব্যবসায় দেখাশোনার সুযোগ দেয় । ব্যবসায় বাড়ানোর জন্য প্রতিষ্ঠানটি ২০ লক্ষ টাকা ব্যংক থেকে ঋণ নেয় ।

ক. সীমাবদ্ধ অংশীদারি ব্যবসায় কী? ১

খ. 'চুক্তিই অংশীদারি ব্যবসয়ের মূল ভিত্তি'- ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন প্রকৃতির ? কেন ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানে গৃহীত ব্যাংক ঋণের দায় পরিশোধের ক্ষেত্রে তৌকিরের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৫. সাইফুল ও তার ৬ বন্ধু মিলে তিস্তা এগ্রো নামে একটি প্রতিষ্ঠান চালু করলো। সুনামের সাথে তারা প্রতিষ্ঠানটি পরিচালনা করছিল। মূলধন বারানোর জন্য তারা জনসাধারনের কাছ থেকে ১০ কোটি টাকা মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেয়।

ক. স্মরকলিপি কী ? ১

খ. কোম্পানির কৃত্রিম ব্যক্তিসত্তা ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন প্রকৃতির ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে নেওয়া সিদ্ধান্তটি কী সঠিক ছিল ? মতামত দাও । ৪

০৬. জনাব আজিম একজন টেইলর। ময়মনসিংহে তার একটি টেইলার্সের দোকান আছে। ছয় জন কর্মচারি নিয়ে সে এই দোকানটি চালায়। তার কাজ ও ব্যবহারে গ্রাহকরা সন্তুষ্ট, ফলে আশেপাশের জেলা হতে তাঁর দোকানে আসে। তাই সে কিশোরগঞ্জে আরো একটি শাখা খুলে একজন ম্যানেজার দিয়ে চালায়। কিন্তু নতুন শাখাটি ময়মনসিংহ শাখার মতো সফলতা পাচ্ছে না।

(ক) অসীম দায় কী? ১

(খ) এক মালিকানা ব্যবসায় বলতে কী বোঝায়? ২

(গ) উদ্দীপকে বর্ণিত আজিমের টেইলার্সের নতুন শাখা খোলার উদ্দেশ্য কী ছিল? ব্যাখ্যা করুন। ৩

(ঘ) উদ্দীপকে উল্লিখিত আজিমের নতুন শাখায় সফলতা না পাওয়ার মূল কারণ বিশ্লেষণ কর। ৪

০৭। জনাব মোস্তাফিজ একজন চার্টার্ড একাউন্টেট। তিনি তাঁর বন্ধু হাফিজসহ আরো ১৮ জন বন্ধু মিলে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। জনাব মোস্তাফিজ বলেন, তিনি ব্যবসায় পরিচালনায় অংশ নিতে পারবেন না এবং বিনিয়োগের অতিরিক্ত দায় গ্রহণ করবেন না। তবে বছর শেষে প্রতিষ্ঠানের হিসাব নিরীক্ষা কাজটি করবেন। সর্বসম্মতিক্রমে জনাব হাফিজকে প্রতিষ্ঠান পরিচালনার দায়িত্ব দেয়া হয়। পরবর্তিতে একজন প্রভাবশালী দেনাদার ১ লক্ষ টাকা না দেয়ায় জনাব হাফিজ তা আদায়ে সমর্থ হন।

(ক) অংশীদারি ব্যবসায় কী? ১

(খ) 'অংশীদারদের অসীম দায়' বলতে কী বোঝায়? ২

(গ) উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন ধরনের অংশীদারি সংগঠন? ব্যাখ্যা করুন। ৩

(ঘ) উদ্দীপকে উল্লিখিত জনাব হাফিজ কী কারণে পাওনা টাকা আদায়ে সফল হয়েছিলেন? বিশ্লেষণ করুন। ৪

০৮. 'X' একটি সফটওয়ার প্রস্তুতকারী কোম্পানি সংগঠন। তারা সম্প্রতি ৫০টি সফটওয়ার তৈরির অর্ডার পায়। তাদের পর্যাপ্ত সংখ্যক দক্ষ লোকবল না থাকায় তারা নির্দিষ্ট সময়ের মধ্যে কার্য সম্পাদনের জন্য 'মুন' কোম্পানিকে চুক্তির ভিত্তিতে ২০টি সফঠওয়ার তৈরির দায়িত্ব দেয়। দক্ষ লোকবলের অভাবে পরবর্তীতে 'X' কোম্পানির নিয়মিত কার্যক্রম পরিচালনায় অচলাবস্থা দেখা দেয়। তাই তারা বিকল্প সমাধান না পেয়ে কোম্পানি বিলোপসাধানের সিদ্ধান্ত নেয়।

(ক) কোম্পানির বিলোপসাধন কী? ১

(খ) ব্যবসায়ের সহায়ক সেবা বলতে কী বুঝায়? ২

(গ) উদ্দীপকে বর্ণিত 'X' কোম্পানি কর্তৃক 'মুন' কোম্পানি দ্বারা কাজ করিয়ে নেয়া কোন ধরনের ব্যবসায়? ব্যাখ্যা কর। ৩

(ঘ) 'X' কোম্পানি বিলোপসাধনের পদ্ধতি বিশ্লেষণ কর। ৪

০৯. জনাব হাসমত সাহেব একজন আপেল ব্যবসায়ী। তিনি অস্ট্রেলিয়া থেকে বাছাইকৃত বিভিন্ন প্রকার আপেল আমদানি করেন এবং দেশের সবগুলো বিভাগে গুদামজাতকরণ করেন। দেশীয় আপেলের চাহিদা মিটানোর পরও তিনি আমদানিকৃত আপেল পুনরায় ভারত, মালদ্বীপ ও নেপালে রপ্তানি করেন। এতে তিনি আপেল রপ্তানির মাধ্যমে

অধিক মুনাফার পাশাপাশি অন্যান্য পণ্যদ্রব্য রপ্তানি করেন। কিন্তু বর্তমানে করোনা সংক্রমণের জন্য বিক্রয়ের পরিমান আগের মত স্বাভাবিক না থাকার দরুণ তিনি ক্ষতির সম্মুখীন হচ্ছেন।

ক। বাণিজ্য কী? ১

খ। গুদামজাতকরণ বলতে কী বুঝায়? ২

গ। হাসমত সাহেবের ব্যবসায়িক কর্মকান্ড বাণিজ্যের কোন শাখার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ। বর্তমানে করোনা সংক্রমণের জন্য বিক্রয়ের পরিমাণ আগের মত স্বাভাবিক করার লক্ষ্যে কী কী পদক্ষেপ হাসমত সাহেব নিতে পারেন তা নিজ আঙ্গিকে বিশ্লেষণ কর। ৪

**১০.** সরকারি আশেক মাহমুদ কলেজের ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক জুয়েল সরকার উচ্চ মাধ্যমিক ব্যবসায় শিক্ষা বিভাগের **১**ম বর্ষের ছাত্র-ছাত্রীদের নিয়ে জামালপুরের বিখ্যাত হস্তশিল্পের ৫০ টি দোকান জরিপ করেন। উক্ত জরিপের মাধ্যমে জানা যায় এসব অধিকাংশ দোকানের মালিক একজন মাত্র ব্যক্তি এবং এঁদের ব্যবসায় কার্যক্রম শুধু জামালপুর কেন্দ্রিক। তবে আশার বিষয় হল বেশ কয়েকটি দোকান সমস্ত দেশেই জামালপুরের তৈরি পোশাক, কাঁথা, চাদরসহ অন্যান্য পণ্য অনলাইনের মাধ্যমে বিক্রয় করছেন।

ক। ক্ষুদ্র ব্যবসার সংজ্ঞা দাও। ১

খ। হস্তশিল্প কোন ধরণের শিল্পের অন্তর্ভুক্ত? উদাহরণ দাও। ২

গ। হস্তশিল্পের অধিকাংশ দোকান একক মালিক হবার পিছনে যে যে কারনগুলো উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ। "জামালপুরের হস্তশিল্প আন্তর্জাতিক বাণিজ্যে নতুন দ্বার উন্মোচন করবে" – এ মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**১১.** বাংলাদেশের তৈরি পোশাক শিল্প সমস্ত বিশ্বে সুনামের সাথে অবস্থান করার মূল কারণ হিসাবে অবহিত করা হয় এদেশের দক্ষ জনশক্তি ও সস্তা শ্রম। তবে ভিয়েতনাম সম্প্রতি তৈরি পোশাক খাতে বাংলাদেশের অন্যতম প্রতিযোগী হওয়ায় বাংলাদেশের অবস্থান ঠিক রাখতে আন্তর্জাতিক বাণিজ্যে তীব্র প্রতিযোগিতার সম্মুখীন হচ্ছে। এছাড়াও নানাবিধ সমস্যায় জর্জরিত হবার কারণে এ শিল্পের উন্নয়ন বাঁধাগ্রস্ত হচ্ছে।

ক। আন্তর্জাতিক পরিবেশের সংজ্ঞা দাও। ১

খ। 'শ্রমশক্তি' ব্যবসায়ের যে পরিবেশের অন্তর্ভুক্ত তা বুঝিয়ে লেখ। ২

গ। কোন পরিবেশ পোশাক শিল্পের উন্নয়নে অগ্রগণি ভূমিকা পালন করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ। আন্তর্জাতিক তীব্র প্রতিযোগিতা মোকাবেলা ও পোশাক শিল্পের উন্নয়নে সরকারের যে যে পরিবেশের উপর গুরুত্ব আরোপ করা প্রয়োজন তা সুপারিশ আকারে লিপিবদ্ধ কর। ৪